



তথ্যবিবরণী

নম্বর-২২৪

বর্ণাঢ্য আয়োজনে রাজশাহীতে উদযাপিত হলো জাতীয় ভোটার দিবস

রাজশাহী; ১৭ ফাল্গুন (২ মার্চ):

আজ (২ মার্চ) জাতীয় ভোটার দিবস। 'তোমার আমার বাংলাদেশে, ভোট দিব মিলেমিশে' - এই প্রতিপাদ্যকে সামনে রেখে বর্ণাঢ্য আয়োজনে রাজশাহীতে সপ্তম জাতীয় ভোটার দিবস উদযাপিত হয়েছে।

রাজশাহী আঞ্চলিক নির্বাচন অফিস চত্বরে বিভাগীয় কমিশনার খোন্দকার আজিম আহমেদ বেলুন-ফেস্টুন ও পায়রা উড়িয়ে ভোটার দিবস উদযাপনের শুভ উদ্বোধন করেন। পরে সেখান থেকে এক বর্ণাঢ্য র্যালি বের হয়ে প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে বিভাগীয় কমিশনার অফিসে এসে শেষ হয়। বিভাগীয় কমিশনারের নেতৃত্বে র্যালিতে রাজশাহী রেঞ্জের ডিআইজি মোহাম্মদ শাহজাহান, পুলিশ কমিশনার মোহাম্মদ আবু সুফিয়ান, নির্বাচন অফিসের কর্মকর্তা-কর্মচারীসহ নতুন ভোটাররা অংশগ্রহণ করে।

র্যালি শেষে বিভাগীয় কমিশনার কার্যালয়ের সম্মেলন কক্ষে সংক্ষিপ্ত আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা মো. দেলোয়ার হোসেন এর সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন বিভাগীয় কমিশনার খোন্দকার আজিম আহমেদ।

প্রধান অতিথির বক্তৃতায় বিভাগীয় কমিশনার নতুন ভোটারদের কাছে জানতে চান, ভোটার হতে তাদের কী কী প্রমানক প্রয়োজন হয়েছে। একজন নতুন ভোটারের জবাব থেকে বিভাগীয় কমিশনার সভাকে জানান, নতুন ভোটার হতে গেলে বয়স প্রমাণের জন্য জন্ম নিবন্ধন বা এসএসসি সনদ, পিতা-মাতার জাতীয় পরিচয় পত্র, নাগরিক সনদ ও যেকোনো ইউটিলিটি বিলের কপি প্রয়োজন।

আজিম আহমেদ পরে নির্বাচন কর্মকর্তাদের কাছে জানতে চান ভোটার হওয়ার যোগ্য একজন নাগরিক যেকোনো সময় ভোটার হতে পারবেন কিনা। নির্বাচন কর্মকর্তাদের উত্তর শুনে তিনি সভায় অংশগ্রহণকারীদের জানান ভোটার হওয়ার যোগ্য একজন নাগরিক যেকোনো সময় ভোটার হতে পারবেন। ঘরে বসে অনলাইনে ফরম পূরণ করেও ভোটার হওয়া যাবে। শুধু আঙ্গুলের ছাপ ও আইরিশ স্ক্যান করতে নির্বাচন অফিসে যেতে হবে।

আলোচনা সভায় বিভিন্ন সরকারি-বেসরকারি দপ্তরের কর্মকর্তা-কর্মচারী, শিক্ষার্থী ও নতুন ভোটার ও গণমাধ্যমকর্মীরা উপস্থিত ছিলেন।

.....  
তৌহিদ/আতিক/স্মিতা/আলীম/হালিম ২০২৫/১৩:৫০ঘ.